



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৪০৩৭

তারিখ: ০৮/১১/২০১৬ খ্রিস্টাব্দ।


জনাব -----
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা
উপজেলা: -----
জেলা:-----

বিষয়: সমিতি গঠন, সদস্য ভর্তি, সঞ্চয় আদায় ও ঋণ বিতরণে লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতা এবং কিস্তি খেলাপী ও মেয়াদোত্তীর্ণ খেলাপীর জন্য ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্প মেয়াদে সমিতি গঠন, সদস্য ভর্তি, সঞ্চয় আদায় ও ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে অর্থ বছর ভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করা আবশ্যিক। বিগত দিনের অর্জন এবং প্রকল্পের সার্বিক লক্ষ্যমাত্রা বিবেচনায় রেখে ডিসেম্বর/২০১৬ তারিখ পর্যন্ত উপজেলা ওয়ারী ৪৮ টি সমিতি গঠন, ১৩৫০ জন সদস্য ভর্তি ও ৩৫.০০ লক্ষ টাকা সঞ্চয় আদায়ের ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা নির্ধারণসহ বিতরণকৃত ঋণ যেন কিস্তি খেলাপী ও মেয়াদোত্তীর্ণ খেলাপী না হয় সে বিষয়টি নিশ্চিত করতে একাধিকবার নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু অক্টোবর/২০১৬ খ্রিস্টাব্দ মাসের মাসিক রিপোর্ট এবং প্রকল্পের সফটওয়্যার পর্যালোচনা করে দেখা যায় আপনার উপজেলায় ক্রমপুঞ্জিত ভাবে----- টি সমিতি গঠন, ----- জন সদস্য ভর্তি ও ----- লক্ষ টাকা সঞ্চয় আদায় হয়েছে। চলতি অর্থ বছরে আপনার উপজেলায় ঋণ বিতরণ মাত্র ----- লক্ষ টাকা এবং কিস্তি খেলাপী ----- লক্ষ টাকা ও মেয়াদোত্তীর্ণ খেলাপী ----- লক্ষ টাকা; যা খুবই উদ্বেগজনক।

২। প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে একাধিকবার নির্দেশনা দেওয়াসহ প্রকল্প হতে সকল সুযোগ সুবিধা দেয়ার পরেও এই ধরনের হতাশাজনক অগ্রগতি মোটেও গ্রহণযোগ্য নয়। ইহাতে প্রতীয়মান হয় যে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে আপনি মোটেই আন্তরিক নন এবং দায়িত্ব পালনে আপনার অবহেলা, উদাসিনতা ও গাফিলতির জন্য উপজেলায় প্রকল্পের অগ্রগতি হতাশাজনক।

৩। এমতাবস্থায়, প্রকল্প কার্যক্রমে আপনার অদক্ষতা, অবহেলা, উদাসিনতা, গাফিলতি ও আন্তরিকতার অভাবের কারণে কেন আপনার বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব এবং ডিসেম্বর/২০১৬ খ্রিস্টাব্দের মধ্যে উপজেলার সমিতি গঠন, সদস্য ভর্তি, সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনসহ মেয়াদোত্তীর্ণ খেলাপী শতভাগ আদায় ও কিস্তি খেলাপী সহনীয় পর্যায়ে উন্নীতকরণের কর্মপরিকল্পনা আগামী ১৭/১১/২০১৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, ----- জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা: -----, জেলা: -----।
- ৬। অফিস কপি।